

সারাদেশ

দেড় বছর পর কলাপাড়া হাসপাতালে ফের চালু সিজারিয়ান অপারেশন

স্বল্প খরচে সরকারি ব্যবস্থাপনায় সেবা পাবেন গর্ভবতী মায়েরা

প্রতিবেদক: কলাপাড়া (পটুয়াখালী) প্রতিনিধি

প্রকাশের তারিখ: রোববার, ৩০ আগস্ট ২০২৬, ০৫:২৩ PM



ছবি কলাপাড়া (পটুয়াখালী) প্রতিনিধি

দীর্ঘ প্রায় দেড় বছর বন্ধ থাকার পর পটুয়াখালীর কলাপাড়া ৫০ শয্যাবিশিষ্ট হাসপাতালে পুনরায় চালু হয়েছে সিজারিয়ান অপারেশন কার্যক্রম।

শনিবার (৮ আগস্ট) বেলা ১১টায় ফিতা কেটে এ কার্যক্রমের উদ্বোধন করেন পটুয়াখালী-৪ আসনের সংসদ সদস্য এবিএম মোশাররফ হোসেন।

এ সময় উপস্থিত ছিলেন কলাপাড়া উপজেলা নির্বাহী কর্মকর্তা মো. আরিফুজ্জামান, উপজেলা বিএনপির সভাপতি হাজী হুমায়ুন সিকদার, উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা মং তেনসহ প্রশাসনের বিভিন্ন পর্যায়ের কর্মকর্তা ও হাসপাতালসংশ্লিষ্ট ব্যক্তির।

হাসপাতাল সূত্রে জানা গেছে, দীর্ঘদিন সিজারিয়ান অপারেশন বন্ধ থাকায় উপজেলার গর্ভবতী নারীদের অনেককে বেসরকারি হাসপাতাল ও ক্লিনিকের ওপর নির্ভর করতে হয়েছে। এতে বাড়তি খরচের পাশাপাশি দূরবর্তী স্থানে যাতায়াতের ভোগান্তিও পোহাতে হয়েছে তাদের।

সিজারিয়ান অপারেশন কার্যক্রম পুনরায় চালু হওয়ায় এখন থেকে গর্ভবতী মায়েরা সরকারি ব্যবস্থাপনায় তুলনামূলক কম খরচে এ সেবা নিতে পারবেন। দীর্ঘদিন পর গুরুত্বপূর্ণ এই চিকিৎসাসেবা চালু হওয়ায় উপকূলীয় কলাপাড়ার সাধারণ মানুষের মধ্যে স্বস্তি ফিরেছে।


উদ্বোধন শেষে সংসদ সদস্য এবিএম মোশাররফ হোসেন বলেন, দেশের সব উপজেলা পর্যায়ের ৫০ শয্যাবিশিষ্ট হাসপাতালকে ১০০ শয্যায় উন্নীত করার উদ্যোগ নেওয়া হবে। পাশাপাশি চলতি বছরের মধ্যে ইউনিয়ন পর্যায়ে এক লাখ স্বাস্থ্যকর্মী নিয়োগ দেওয়া হবে।

স্থানীয়রা বলছেন, কলাপাড়া হাসপাতালের সিজারিয়ান অপারেশন কার্যক্রম নিয়মিত ও নির্বিঘ্নভাবে চালু থাকলে উপজেলার প্রত্যন্ত এলাকার গর্ভবতী নারীদের চিকিৎসাসেবা পাওয়ার সুযোগ আরও সহজ হবে।

এ বিভাগের আরও খবর



ভুল্লীতে আগুনে একই পরিবারের চার ঘর পুড়ে ছাই
ঠাকুরগাঁওয়ের ভুল্লী উপজেলার বালিয়া ইউনিয়নের কুমারপুর ফরেন্সের ডাংগাপাড়ায় অগ্নিকাণ্ডে একই পরিবারের চারটি ঘর পুড়ে গেছে। আজ সোমবার সকাল সাড়ে আট...



তজুমদ্দিনে মুক্তিযোদ্ধা কার্ড দেওয়ার কথা বলে পরিবারপ্রতি ৩ লাখ টাকা নেওয়ার অভিযোগ
ভোলায় তজুমদ্দিনে দু'য়ান মুক্তিযোদ্ধা কার্ড তৈরি করে দেওয়ার কথা বলে কয়েকটি পরিবারের কাছ থেকে টাকা নেওয়ার অভিযোগ উঠেছে। পরিবারপ্রতি প্রায় ৩ লাখ...



টেকসই উন্নয়নে গ্রামের উন্নয়ন জরুরি, সরাইলে জেলা পরিষদ প্রশাসক
গ্রামীণ প্রান্তিক জনগোষ্ঠীর উন্নয়ন ছাড়া শহরের টেকসই উন্নয়ন সম্ভব নয় বলে মন্তব্য করেছেন ব্রাহ্মণবাড়িয়া জেলা পরিষদের
প্রশাসক ও জেলা বিএনপির সা...



পিরোজপুরে ওলামা দলের ৪৭তম প্রতিষ্ঠাবার্ষিকী অনুষ্ঠিত
বাংলাদেশ জাতীয়তাবাদী ওলামা দলের ৪৭তম প্রতিষ্ঠাবার্ষিকী উপলক্ষে পিরোজপুরে [ইমাম-ওলামা মশারুফ সম্মেলন ও দেয়া
অনুষ্ঠান] অনুষ্ঠিত হয়েছে। শনিবার...